



## ভারত-বাংলাদেশ বন্ধন ইতিহাসের স্মরণীয় অধ্যায়: প্রণয় ভার্মা



সংগৃহীত ছবি

ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা বলেছেন, ভারত ও বাংলাদেশের সম্পর্ক দুই দেশের ইতিহাসে এক অনন্য ও অমলিন মাইলফলক হিসেবে প্রতিষ্ঠিত।

শনিবার (৬ ডিসেম্বর) ঢাকায় ভারতীয় সাংস্কৃতিক কেন্দ্রে মৈত্রী দিবসের ৫৪তম বার্ষিকী উদযাপন অনুষ্ঠানে তিনি বলেন, সমতা, পারস্পরিক শ্রদ্ধা ও মানুষের কল্যাণই দু'দেশের সম্পর্ককে সামনে এগিয়ে নেওয়ার মূল ভিত্তি।

প্রণয় ভার্মা স্মরণ করেন ১৯৭১ সালের এই দিনটি, যখন ভারত প্রথমবারের মতো বাংলাদেশকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়—যা মুক্তিযুদ্ধের অগ্রগতি ও আন্তর্জাতিক সমর্থন অর্জনে ঐতিহাসিক ভূমিকা রাখে।

অনুষ্ঠানে বাংলাদেশের শিল্পীদের নাটক, নৃত্য ও সংগীত পরিবেশনা আয়োজনে প্রাণবন্ততা এনে দেয়। বিশেষ আকর্ষণ ছিল প্রতিবন্ধী অন্তর্ভুক্তিমূলক নাট্য পরিবেশনা '৭১ ইন সাইলেন্স', সৃষ্টি কালচারাল সেন্টারের নৃত্য পরিবেশনা এবং জনপ্রিয় ব্যান্ড শিরোনামহীন-এর গান।